

অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
“পল্লী ভবন”  
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
Website: [www.prdp-brdb.gov.bd](http://www.prdp-brdb.gov.bd)



পত্র নং - ৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬-৬৭৯

তারিখ: ২৬ মাঘ' ১৪২৮ বঙ্গাব্দ  
০৯ ফেব্রুয়ারি' ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: প্রকল্পের আওতায় ভিডিসি স্কীমের অগ্রাধিকার তালিকা প্রণয়নপূর্বক অনুমোদন/বাস্তবায়ন।

সূত্র: ১। ৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬-৩৭০, তারিখ: ১০/১০/২০২১ খ্রি:

২। বিগত ২১ সেপ্টেম্বর/২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত এডিপি সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় ভিডিসি স্কীম গ্রহণ/বাস্তবায়নের ক্ষেত্রে গ্রামবাসীর চাহিদার ভিত্তিতে ভিডিসি কর্তৃক প্রস্তাবিত স্কীমের তালিকা ইউসিসিএম এ উপস্থাপন এবং পরবর্তীতে বাজেট সংকুলান ও প্রয়োজনীয়তার গুরুত্ব বিবেচনা করে ইউসিসিএম এ গৃহীত বাস্তবায়নযোগ্য স্কীমের অগ্রাধিকার তালিকা প্রণয়নপূর্বক সে অনুযায়ী অনুমোদন/বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে প্রকল্পের বাস্তবায়ন নীতিমালায়ও নির্দেশনা রয়েছে। কিন্তু প্রকল্প দপ্তর কর্তৃক বারবার মৌখিকভাবে তাগিদ প্রদানসহ সূত্রোক্ত পত্রমূলে নির্দেশনা প্রদান করা হলেও কিছু কিছু উপজেলায় এখনো পত্রানুযায়ী অগ্রাধিকার তালিকা প্রণয়ন অসম্পূর্ণ রয়েছে যা কোনক্রমেই কাম্য নয়।

এমতাবস্থায়, ভিডিসি কর্তৃক প্রস্তাবিত এবং ইউসিসিএম এ উপস্থাপিত ও গৃহীত বাস্তবায়নযোগ্য স্কীমের অগ্রাধিকার তালিকা প্রণয়নপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে) সে অনুযায়ী অনুমোদন/বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ অনুমোদিত স্কীমের অগ্রাধিকার তালিকা আগামী ০৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে প্রকল্পের সদর কার্যালয়ে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো। ব্যর্থতায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপর্যুক্ত কর্তৃপক্ষকে অবহিত করা হবে।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ

০৯.০২.২০২২

তপন কুমার মন্ডল  
প্রকল্প পরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সংশ্লিষ্ট)

উপজেলা:-----, জেলা:-----।

পত্র নং - ৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬-৬৭৯

তারিখ: ২৬ মাঘ' ১৪২৮ বঙ্গাব্দ  
০৯ ফেব্রুয়ারি' ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ: কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসার (ইউডিও)/ইউডিও'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-----উপজেলা----- জেলা।
- ২। সহকারী পরিচালক (সকল), পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা (নিয়মিত নিবিড় তদারকির ব্যবস্থা গ্রহণসহ)।
- ৩। উপপরিচালক, এলএমটিসি, পিআরডিপি-৩, টাঙ্গাইল (নিবিড় তদারকির অনুরোধসহ)।
- ৪। উপপরিচালক, বিআরডিবি-----জেলা দপ্তর (সকল) (সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণকে এতৎসংক্রান্ত বিষয়ে নির্দেশনা দানের অনুরোধসহ)।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৬। অফিস কপি।

সেখ আমিনুর ইসলাম  
উপপরিচালক